

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date:24-04-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Election East Tripura P.C. :

পূর্ব ত্রিপুরা উপজাতি সংরক্ষিত লোকসভা আসনসহ দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনে আজ বিকেলে সরব প্রচার শেষ হবে। আগামী ২৬শে এপ্রিল পূর্ব ত্রিপুরা সহ দেশের ৮৮টি লোকসভা আসনে ভোট নেওয়া হবে। পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে প্রায় ১৪ লক্ষ ভোটার ৯ জন প্রার্থীর ভাগ্য নির্ধারণ করবেন। প্রতিদ্বন্দ্বী ৯ জন প্রার্থীর মধ্যে মূল প্রতিদ্বন্দ্বিতা হবে ভারতীয় জনতা পার্টির কৃতি দেবী দেববর্মনের সঙ্গে ইন্ডিয়া জোটের সি পি আই (এম) প্রার্থী রাজেন্দ্র রিয়াং-এর। এই আসনে ১৩ লক্ষ ৯৬ হাজার ৭৬১ জন ভোটার রয়েছেন। নতুন ভোটার রয়েছেন ৩৬ হাজারের বেশি। বৃথ রয়েছে ১৬৬৪টি। আদর্শ ভোট কেন্দ্র রয়েছে ১৩টি। মহিলা ভোট কর্মী পরিচালিত ১২টি। যুবা ও দিব্যাঙ্গ ভোট কর্মী পরিচালিত ভোট কেন্দ্র রয়েছে ৬টি করে।

School closed due to heat wave :

গোটা রাজ্যে তাপ প্রবাহের কারণে বিদ্যালয় শিক্ষা দপ্তর আজ থেকে আগামী ২৭ শে এপ্রিল পর্যন্ত রাজ্যের সব স্কুলে ছুটি ঘোষণা করেছে। বিদ্যালয় শিক্ষা দপ্তরের অতিরিক্ত সচিব এন সি শর্মা জানিয়েছেন, রাজ্য সরকার, রাজ্য সরকারের অনুদানপ্রাপ্ত স্কুল, রাজ্যের সমস্ত বেসরকারি স্কুল, এডিসি পরিচালিত সমস্ত স্কুলে এই ছুটি কার্যকর হবে। রাজ্য সরকারের রাজস্ব দপ্তরের পরামর্শ অনুযায়ী এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে বিদ্যালয় শিক্ষা দপ্তরের অতিরিক্ত সচিব জানিয়েছেন।

Heatwave :

বর্তমানে আর্দ্রতা ও তাপ প্রবাহ পরিস্থিতির দিকে লক্ষ্য রেখে রাজ্য সরকারের পক্ষ থেকে রাজ্যে স্টেট স্পেসিফিক ডিজাস্টার ঘোষণা করা হয়েছে। এই পরিপ্রেক্ষিতে রাজস্ব দপ্তরের পক্ষ থেকে রাজ্যে সমস্ত জেলাস্তরীয় বিপর্যয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে এবিষয়ে জনগণকে সচেতন করতে বলা হয়েছে। রাজ্যবাসীর নিরাপত্তা নিশ্চিত করতে জেলা প্রশাসনকেও আপৎকালীন সহায়তা কেন্দ্র, কুইক রেসপন্স টিমগুলিকে সক্রিয় করতে পরামর্শ দেওয়া হয়েছে ও অবিরাম বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে বলা হয়েছে। রাজস্ব দপ্তর উদ্বৃত্ত পরিস্থিতিতে জনস্বার্থে কিছু পরামর্শ প্রদান করেছে। রৌদ্রতাপ এড়িয়ে থাকা, বেশি জল খাওয়া, হালকা সুতি ও হালকা ধরণের বস্ত্র পরিধান করা, ঘরের বাইরে বেরোলে ছাতা/টুপি ব্যবহার করা। বেশি পরিমাণে প্রোটিনযুক্ত খাবার ও বাসি খাবার খাওয়া থেকে বিরত থাকা।

BJP Camping :

পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের বিজেপি প্রার্থী কৃতি সিং দেববর্মার সমর্থনে গতকাল জোলাইবাড়ি বিধানসভার সাঁচীরামবাড়ি পার্কের বাজারে ও সার্কুম শহরে নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়। পার্কের বাজারের সভায় তিপ্রামথার নেতা এমডিসি দেবজিত ত্রিপুরা, বিজেপি পিলাক জেলার সাধারণ সম্পাদক বিকাশ বৈদ্য প্রমুখ বক্তব্য রাখেন। সার্কুমে বক্তব্য রাখতে গিয়ে বিজেপির দক্ষিণ জেলা সভাপতি শংকর রায় কেন্দ্র ও রাজ্য সরকারের উন্নয়নমূলক কাজকর্মের প্রশংসা করেন ।

Election campaigning at Amarpur Manik sarkar :

পূৰ্ব ত্ৰিপুৰা লোক সভা আসনে ইন্ডিয়া জোটেৰ প্ৰাৰ্থী ৰাজেন্দ্ৰ ৰিয়াং -এৰ সমৰ্থনে গতকাল অমৰপুৰ চন্ডিবাড়ি মাৰ্চে আয়োজিত সমাবেশে বক্তব্য ৰাখেন সিপিআইএম পলিটবুৰো সদস্য তথা প্ৰাক্তন মুখ্যমন্ত্ৰী মানিক সরকার। তিনি কেন্দ্ৰীয় ও ৰাজ্য সরকারেৰ নীতিৰ সমালোচনা কৰেন । তিনি অভিযোগ কৰেন, সংসদেৰ বাইৰে ও ভিতৰে কোন গনতন্ত্ৰ নেই ।

4th Phase Election :

লোকসভা নিৰ্বাচনেৰ চতুৰ্থ পৰ্বেৰ মনোনয়ন পত্ৰ জমা দেওয়াৰ কাজ আগামীকাল শেষ হবো। ২৬শে এপ্ৰিল মনোনয়ন পৰীক্ষা কৰা হবো এবং বৈধ বিবেচিত প্ৰাৰ্থীৰা এই মাসেৰ ২৯ তাৰিখেৰ মধ্যে তাৰেৰ প্ৰাৰ্থীপদ প্ৰত্যাহাৰ কৰতে পাৰবেন। আগামী মাসেৰ ১৩ তাৰিখে ১০টি ৰাজ্য ও কেন্দ্ৰশাসিত অঞ্চলেৰ মোট ৯৬টি লোকসভা আসনে এই পৰ্বে ভোট হবো।

BISHWA PUSTAK DIBAS :

শেৰুপিয়াৰেৰ জন্মদিন উপলক্ষে অক্ষয় প্ৰকাশনীৰ উদ্যোগে গতকাল আগৰতলাৰ প্ৰেসক্লাবে বিশ্ব পুস্তক দিবস পালন কৰা হয় । এই উপলক্ষে আলোচনাসভায় বক্তব্য ৰাখেন উড়িষ্যা হাইকোর্টেৰ অবসৰপ্ৰাপ্ত প্ৰধান বিচাৰপতি শুভাশিস তলাপাত্ৰ, ত্ৰিপুৰা পাবলিশাৰ্চ গিল্ডেৰ সম্পাদক অজিত দেববৰ্মা, বাংলাদেশেৰ বিশিষ্ট লেখক ও সাংবাদিক মমহাৰুল ইসলাম বাবলা। এছাড়া, উপস্থিত রয়েছেন বাংলাদেশেৰ বিশিষ্ট লেখক সফি আহমেদ।

Foreign Liquor Shop closed :

লোকসভার দ্বিতীয় দফার ভোটে পূর্ব ত্রিপুরা আসনের ভোটগ্রহণ শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে গতকাল মাঝরাতে সাময়িক কালের জন্যে সীল করে দেওয়া হলো দক্ষিণ জেলার ১০ টি মদের দোকান। আবগারি দপ্তরের আধিকারিক ও কর্মীরা দোকানগুলি বন্ধ করে দেন ।

khela :

TCA পরিচালিত মেয়েদের সিনিয়র ক্রিকেটের ফাইন্যালে আজ এগিয়ে চল সংঘ এবং AD নগর প্লে সেন্টার পরস্পরের মুখোমুখি হবে । MBB স্টেডিয়ামে এই ম্যাচটি হবে ।

এদিকে, রাজ্যভিত্তিক অনুর্ধ্ব ১৫ বছরের ক্রিকেটের দু'দিনের ফাইন্যাল ম্যাচটিও আজ শুরু হবে । এতে সদর B এবং বিশালগড় লড়াই করবে নরসিংগড়ের PTA মাঝে ।

Weather :

আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৪ ডিগ্রি সেলসিয়াস । দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৮ ডিগ্রির কাছাকাছি । বাতাসের আপেক্ষিক আর্দ্রতা ৯৪ শতাংশ থাকবে । রাজ্যে বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে ।
